(2068) ، ((الإرواء)) ـ أيضاً ـ: ق.



সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১৫

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযানে দিনে স্ত্রী সহবাসকারীকে দাস মুক্ত করার সামর্থ না থাকলে দুই মাস সিয়াম পালন করার, সিয়াম পালন করার সামর্থ না থাকলে ৬০ জন মিসকিনকে খাদ্য খাওয়ানোর আদেশ করেছিলেন; এমন নয় যে তিনি এই তিনটি বিষয়ের যে কোন একটি করার স্বাধীনতা দিয়েছিলেন

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم إِنَّمَا أَمَرَ الْمُجَامِعَ فِي شَهْرِ الصَّوْمِ بِصِيَامِ شَهْرَيْنِ عِنْدَ عَدَمِ الْقُدْرَةِ عَلَى الرَّقَبَةِ وَبِإِطْعَامِ سِتِّينَ مِسْكِينًا عِنْدَ عَدَمِ الْقُدْرَةِ عَلَى الصَّوْمِ لَا أَنَّهُ يُخيَر بَيْنَ هَذَهِ الْأَشْيَاءِ الثلاثة

আরবী

3515 _ أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبِ الْبَلْخِيُّ بِبَغْدَادَ قَالَ: حَدَّثَنَا سُرِيْجُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الزُّهْرِيِّ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فقال: هلكتُ فقال: (وما شأنك)؟ وَقَعتُ عَلَى امْرَأَتِي قَالَ: (فَهَلْ تَجَدُ مَا تَعْتِقُ بِهِ رَقَبَةً)؟ قَالَ: لا ، قَالَ: (أَتَسْتَطِيعُ أَنْ تَصُومَ شَهْرَيْنِ مُتَابِعَيْنِ)؟ قَالَ: لا قَالَ: (لَّجْلِسْ) فَأْتِي مُتَابِعَيْنِ)؟ قَالَ: لا قَالَ: (أَتَسْتَطِيعُ أَنْ تُصُومَ شَهْرَيْنِ مِتَّابِعَيْنِ)؟ قَالَ: لا قَالَ: (أَتَسْتَطِيعُ أَنْ تُصُومَ شَهْرَيْنِ مِتَّى مِسْكِينًا)؟ قَالَ: لا قَالَ: (اجْلِسْ) فَأْتِي عَرَقٍ فِيهِ تِمرٌ _ وَهُو المِكْتُلُ الضَّخُمُ _ قَالَ: (خُذُ هَذَا فَتَصَدَّق بِهِ عَلَى سِتِّينَ مِسْكِينًا) قَالَ: مَا بَيْنَ لابَتَيْها أَهْلُ بَيْتَ أَفْقَرُ مِنَّا قَالَ: فَضَحِكَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم عَلَى الله عليه وسلم حَتَّى بَدَتْ أَنِيابِهِ قال: (خذه وأطعمه عيالك) حتَّى بَدَتْ أَنِيابِه قال: (خذه وأطعمه عيالك) الراوي: أَبُو هُرَيْرَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان

বাংলা

৩৫১৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া



সাল্লামের কাছে এসে বলেন, "আমি ধ্বংস হয়ে গেছি।"তখন তিনি বলেন, "তোমার কী হয়েছে? "সে ব্যক্তি বলেন, "আমি স্ত্রী সহবাস করেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি কি একটি দাস মুক্ত করতে পারবে?" সে ব্যক্তি জবাবে বলেন, "জ্বী, না।" তিনি আবার জিজ্ঞেস করেন, "তুমি কি বিরতিহীনভাবে দুই মাস সিয়াম রাখতে পারবে?" সে ব্যক্তি জবাব দেন, "জ্বী, না।" তখন তিনি বলেন, "বসো।" তারপর তাঁর কাছে এক আরাক খেজুর আনা হয়। আরাক হলো বড় ঝুড়ি। তখন তিনি বলেন, "এটা নাও এবং ৬০ জন মিসকিনকে সাদাকাহ করো।" সেই ব্যক্তি বলেন, "দুই পাহাড়ের মধ্যবর্তী এলাকায় (মাদীনায়) আমাদের চেয়ে অভাবী কোন পরিবার নেই।" রাবী বলেন, "এটা শুনে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হেঁসে দেন এমনকি তাঁর দাত প্রকাশ পেয়ে যায়। তিনি বলেন, "তুমি নিয়ে নাও এবং তোমার পরিবারকে খাওয়াও।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৪১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১০৬; হুমাইদী: ১০০৮; সহীহুল বুখারী: ৬৭০৯; সহীহু মুসলিম: ১১১১; আবূ দাউদ: ২৩৯০; তিরমিযী: ৭২৭; ইবনু মাজাহ: ১৬৭১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯৪৪; তাহাবী: ২/৬১; ইবনুল জারুদ: ৩৮৪; বাগাবী: ১৭৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৮৮-৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন